গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন (২য় ব্লক, ৫ম তলা), ঢাকা - ১০০০।

স্মারক নং মাশিউপ্র/পিআইইউ/৬১/২০১৬/ ৫৮(১৮৩)/১ (৫৩) তারিখ ঃ ২৮/০২/২০১৮ খ্রিঃ।

বিষয় ঃ মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্প এর আওতায় ২০১৮ সালের ১ম কিস্তি উপবৃত্তির জন্য প্রকল্পভুক্ত যোগ্য শিক্ষার্থী বাছাইয়ের লক্ষ্যে **SESF-3(b)** ফরমের **Pre-Printed** কপি প্রকল্পের কেন্দ্রীয় কার্যালয় থেকে গ্রহণ এবং উপবৃত্তি কার্যক্রম সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্পের আওতাধীন উপজেলা সমুহে ২০১৮ সালের উপবৃত্তি প্রদানের জন্য অতি-দরিদ্র যোগ্য শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে SESF-3(b) ফরম পূরণের জন্য নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

০১. পিআইইউর সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট থেকে আগামী ০১ /০৩/২০১৮ খ্রি. তারিখের মধ্যে গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকল মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হ'ল।

০২. SESF-3(b) –এর কপিতে কোন নতুন নাম যুক্ত বা কোন শিক্ষার্থীর নাম পরিবর্তন করে অন্য কোন শিক্ষার্থীর নাম লিখা যাবে না।

০৩. SESF-3(b) -র তালিকায় যোগ্য শিক্ষার্থীর সংখ্যা শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি ভিত্তিক ২০% ছাত্র ও ৩০% ছাত্রী সংখ্যা অতিক্রম করলেও কোন শিক্ষার্থীকে অযোগ্য দেখানো যাবে না।

০৪. যদি কোন অভিভাবকের মোবাইল ব্যাংকিং একাউন্ট সংশোধন, পরিবর্তন প্রযোজন হলে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার তত্ত্বাবধানে ডাচ-বাংলা মোবাইল ব্যাংকের কর্মকর্তা এর সহায়তায় KYC ফরম পুরণ পূর্বক নতুন করে মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলে Pre-Printed কপিতে লাল কালিতে লিখতে হবে এবং মন্তব্যের ঘরে প্রধান শিক্ষক সত্যায়ন করবেন। একান্ত প্রয়োজন ছাড়া মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর ঢালাও ভাবে পরিবর্তন করা যাবে না। KYC ফরম এর সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং এক কপি ছবি সংযুক্ত করতে হবে। প্রতিষ্ঠান থেকে KYC ফরম সমূহ এবং Pre-Printed কপি সংগ্রহের পর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা KYC ফরম সমূহ ডাচ-বাংলা ব্যাংকের প্রতিনিধির নিকট হস্তান্তর করবেন এবং Pre-Printed কপি PIU তে প্রেরণ করবেন।

০৫. অযোগ্য তালিকায় বিবাহিত শিক্ষার্থীর ক্ষেত্রে M, ছাড়পত্রের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান পরিত্যাগকারী শিক্ষার্থীর ক্ষেত্রে T, বার্ষিক মোট কর্মদিবস সাপেক্ষে উপস্থিতির শতকরা হার ৭৫%-এর কম হলে A, বার্ষিক পরীক্ষায় কাঙ্খিত নম্বর বা GPA অর্জনে ব্যর্থ শিক্ষার্থীর ক্ষেত্রে F হবে। বার্ষিক পরীক্ষায় অনুপস্থিত শিক্ষার্থীর ক্ষেত্রেও F হবে। ২০১৭ সালের বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ/অনুত্তীর্ণ শিক্ষার্থী ২০১৮ সালের ৩১ জানুয়ারি তারিখের মধ্যে ঐ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি/হাজিরা খাতায় নাম না থাকলে উক্ত শিক্ষার্থী ঝরেপড়া শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং এক্ষেত্রে অযোগ্যতার কারণ D হবে। শিক্ষার্থীর মৃত্যু/বাস্তু ভিটা ত্যাগ করে অন্যত্র গমন/নিখোঁজ শিক্ষার্থীর ক্ষেত্রে X হবে।

০৬. নিম্ন মাধ্যমিক প্রতিষ্ঠানের SESF-3(b) তে ৯ম ও ১০ম শ্রেণির শিক্ষার্থীদের নাম লাল কালিতে কেটে দিতে হবে । যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান ইতোমধ্যে ৯ম-১০ম শ্রেণির পাঠ দানের অনুমতি পেয়ে থাকে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের অনুমতি প্রত্রের সত্যায়িত ফটোকপি PIU তে প্রেরণ করে শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য, ডাটা বেইস হালনাগাত করতে হবে।

০৭. যে সকল শিক্ষার্থী জুনিয়র স্কুল সার্টিফিকেট (JSC) পরীক্ষা/জুনিয়র দাখিল পরীক্ষা (JDC) এবং বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদের কে অযোগ্য শিক্ষার্থী হিসাবে গণ্য করতে হবে এবং তাদের নাম কেটে দিতে হবে।

০৮. লিপিবদ্ধ তথ্যাবলী নির্ভুল আছে এরূপ নিশ্চিত হয়েই প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। পরবর্তিতে সংশোধন করার কোন সুযোগ থাকবে না। অসত্য বা ভুল তথ্য প্রদানের কারণে প্রতিষ্ঠান প্রধান ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন। অসত্য বা ভুল তথ্যের কারণে অতিরিক্ত অর্থ বিতরণ করা হলে সে অর্থ সরকারি কোষাগারে ফেরৎ দিতে প্রতিষ্ঠান প্রধান বাধ্য থাকবেন এবং এজন্য তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯. প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে উপস্থিতির হার এবং বার্ষিক পরীক্ষার ফলাফল ৮ম ও ৯ম শ্রেণির ক্ষেত্রে ৩৩% বা গ্রেড পয়েন্ট ১.০/লেটার D পর্যন্ত শিথিল যোগ্য হবে।

১০. কোন শিক্ষার্থীর নাম ভুল শ্রেণিতে অন্তর্ভুক্ত হলে উক্ত শিক্ষার্থীর নামের পাশে লাল কালিতে সঠিক শ্রেণি উল্লেখ করে প্রতিষ্ঠান প্রধান অনুস্বাক্ষর করবেন। এরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট শ্রেণি সমূহের ছাত্র, ছাত্রী ও মোট শিক্ষার্থীর মুদ্রিত সংখ্যা লাল কালি দিয়ে কেটে সঠিক সংখ্যাটি উল্লেখ করতে হবে।

১১. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের SESF-3(b) ফরমের শ্রেণিভিত্তিক শিক্ষার্থীদের অংশটুকু পূরণের পর প্রতিষ্ঠান প্রধান 'প্রতিষ্ঠানের সার সংক্ষেপ' অংশে উক্ত প্রতিষ্ঠানের শ্রেণিভিত্তিক যোগ্য ও অযোগ্য শিক্ষার্থীর সংখ্যা সমূহ যথাযথভাবে পূরণ করবেন এবং প্রতিষ্ঠান প্রধান নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন।

১২. পূরণকৃত SESF-3(b) -এর দুই সেট ফটোকপি করে এক সেট শিক্ষা প্রতিষ্ঠান সংরক্ষণ করবে এবং মূল কপিসহ অপর সেট (মোট ২ সেট) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে ১৮ /০৩/২০১৮ খ্রি. তারিখে জমা দিবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার SESF-3(b) যাচাই-বাছাই করে তাতে নির্ধারিত স্থানে স্বাক্ষর দিবেন এবং মূল কপি উপজেলা সামারী সহ ২২/০৩/২০১৮ খ্রি. তারিখের মধ্যে PIU তে প্রেরণ করবেন এবং অপর কপি নিজ অফিসে সংরক্ষণ করবেন।

১৩. যে কোন জরুরী প্রয়োজনে প্রকল্প কর্মকর্তা (পরিকল্পনা) এর সাথে ফোনে যোগাযোগ করা যেতে পারে। ফোন নং ০২-৯৫৬৩১৪১।

জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।

(শরীফ মোর্তজা মামুন)
প্রকল্প পরিচালক
মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্প
ফোন: ৯৫৬৩৪১২।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা................................, জেলা...................................

স্মারক নং- মাশিউপ্র/পিআইইউ/৬১/২০১৬/ ৫৮-(১৮৩)/১(৫০০) তারিখঃ ২৮/০২/২০১৮ খ্রিঃ।

১। উপ প্রকল্প পরিচালক (প্রশাসন/অর্থ), মাশিউপ্র, শিক্ষা ভবন, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাধ্যমিক উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্প এর আওতায় ২০১৮ সালের উপবৃত্তি কার্যক্রম সংক্রান্ত নির্দেশনা-পত্রটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। সহকারী প্রকল্প পরিচালক (প্রশাসন/অর্থ), মাশিউপ্র, শিক্ষা ভবন, ঢাকা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, .................... উপজেলা ................. জেলা ..........................
৫। জেলা শিক্ষা অফিসার, .............. জেলা ।
৬। প্রকল্প কর্মকর্তা (সকল), মাশিউপ্র, শিক্ষা ভবন, ঢাকা।
৭। প্রকল্প পরিচালকের ব্যক্তিগত সহকারী, মাশিউপ্র, শিক্ষা ভবন, ঢাকা।
৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা---------------উপজেলা----------------------।
৯। সংরক্ষণ নথি।

২৮/০২/১৮

(মোঃ তৌফিক এরফান)
প্রকল্প কর্মকর্তা (পরিকল্পনা)
মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্প
ফোন: ৯৫৬৩১৪১